

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৪৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পাঁচ ওয়াক্ত সালাত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জিবরাঈল আলাইহিস সালাম থেকে গ্রহণ করেছেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الصَّلَوَاتِ الْخَمْسَ أَخَذَهَا مُحَمَّدٌ عَنْ جِبْرِيلَ صَلَوَاتُ اللَّهِ عَلَيْهِمَا

আরবী

1445 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ أَخْبَرَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ أَخْبَرَنَا اللَّيْثُ عَنِ ابْنِ شِهَابٍ أَنَّهُ كَانَ قَاعِدًا عَلَى بَابِ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ فِي إِمَارَتِهِ عَلَى الْمَدِينَةِ وَمَعَهُ عُرُوةُ فَأَخَّر عُمَلُ الْعَصْرَ شَيْئًا فَقَالَ لَهُ عُرُوةُ: أَمَا إِنَّ جِبْرِيلَ نَزَلَ فَصَلَّى أَمَامَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ الْعَصْرَ شَيْئًا فَقَالَ لَهُ عُرُوةً: أَمَا إِنَّ جِبْرِيلَ نَزَلَ فَصَلَّى أَمَامَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ عُمْرُ: اعْلَمْ مَا تَقُولُ يَا عُرُوةً فَقَالَ: سَمِعْتُ بَشِيرَ بْنَ أَبِي مَسْعُودٍ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (نَزَلَ جِبْرِيلُ فَصَلَّى فَصَلَيْتُ مَعَهُ ثُمَّ صَلَيْتُ مَعَهُ ثُمَ عَلَيْتُ مَعَهُ ثُمَ عَلَيْتِ مَعَلَيْتُ مَعَهُ ثُمَّ صَلَيْتُ مَعَهُ ثُمَ عَلَيْتُ مَعَهُ ثُمَ عَلَيْتُ مَعَهُ ثُمَ عَلَيْتُ مَعَهُ ثُمَ عَلَيْتُ مَعَهُ ثُمَّ عَلَيْتُ مَعَهُ ثُمَّ عَلَيْتُ مَعَهُ ثُمَ عَلَيْتُ مَعَهُ ثُمَّ عَلَيْتُ مَعَهُ ثُمَ عَلَيْتُ مَعَهُ ثُمَ عَلَيْتُ مَعَهُ ثُمَّ عَلَيْتُ مَعِهُ فَيَعُ مُنْ عَلَيْتُ مَعَهُ ثُمَّ عَلَيْتُ مَعِهُ فَيْ عُلِيْتُ مَعِهُ فَيْ عُلَيْتُ عُمَى اللَّهُ عَلَيْتُ مَعَهُ نَعْمُ عُمْ عَلَيْتُ عَلَيْتُ عَالَالَةً عَلَيْتُ مَعِيْ عَلَيْ اللَّهُ عَلَيْتُ عَلَيْتُ مَعْهُ فَلَا لَا عَلَيْتُ عَلَيْتُ عَلَيْتُ عَلَيْتُ عَلَيْتُ عَلَيْتُ عَلَيْتِ عَلَيْتُ عَلَيْتُ عَلَيْ عَلَيْتُ عَلَيْتُ عَلَيْتُ عَمْ عَلَيْتُ عَلِيْتُ عَلَيْكُ عَلَيْتُ عَلَيْتُ عَلَيْتُ عَا

الراوي : عُرْوَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1445 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৪৪৫. ইবনু শিহাব যুহরী রহিমাহুল্লাহ বলেন যে, তিনি উমার বিন আব্দুল আযীয রহিমাহুল্লাহর মদীনা শাসন কালে তাঁর দরজায় বসে ছিলেন, এসময় তার সাথে উরওয়া রাদ্বিয়াল্লাহু আনহুও ছিলেন। উমার বিন আব্দুল আযীয রহিমাহুল্লাহ আসরের সালাত কিছুটা বিলম্বে আদায় করেন, তখন উরওয়া রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "জেনে রাখুন, জিবরাঈল আলাইহিস সালাম নেমে আসেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সামনে সালাত আদায় করেন।" তখন উমার বিন আব্দুল আযীয রহিমাহুল্লাহ বলেন, "হে উরওয়া (রাদ্বিয়াল্লাহু আনহু), আপনি ভেবে দেখুন যে, আপনি কী বলছেন!" জবাবে তিনি বলেন, "আমি বাশীর বিন আবী মাস'উদকে বলতে শুনেছি, তিনি বলেছেন, আমি আবূ মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি



ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "জিবরাঈল অবতরণ করেন অতঃপর তিনি সালাত আদায় করেন এবং আমিও তাঁর সাথে সালাত আদায় করি। তারপর আবার তাঁর সাথে সালাত আদায় করি।" তিনি আঙ্গুল দিয়ে পাঁচবার গণনা করেন।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩২২১; সহীহ মুসলিম: ৬১০; নাসাঈ: ১/২৪৫; ইবনু মাজাহ: ৬৬৮; তাবারানী: ১৭/৭১৫; আবূ আওয়ানা: ১/৩৪২; হুমাইদী: ৪৫১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩১৯; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৪৮; সুনান বাইহাকী: ১/৩৬৩; মুসান্নাফ আব্দুর রায্যাক: ২০৪৪; মুসনাদ আহমাদ: ৪/১২০-১২১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৪১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন